



ইবি : শিক্ষক নিয়োগের দাবিতে ছাত্রছাত্রীরা শনিবার বায়োটেকনোলজি বিভাগের গেটে তাল্লা কুলিয়ে দেয়

শিক্ষক নিয়োগের দাবিতে ইবির বায়োটেকনোলজি বিভাগে তাল্লা

ইবি সংবাদদাতা : শিক্ষক নিয়োগের দাবিতে শনিবার ইসলামী বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্রছাত্রীরা বিভাগীয় অফিসের গেটে তাল্লা কুলিয়ে দেয়। এ ঘটনায় প্রায় ৪ ঘণ্টা ওই বিভাগের শিক্ষক-কর্মচারীরা অবরুদ্ধ অবস্থায় থাকেন।

জানা যায়, বায়োটেকনোলজি এ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষকের মধ্যে

চার ঘণ্টা অবরোধ

জনই শিক্ষা ছুটিতে দেশের বাইরে রয়েছেন। ময়ম ৪ শিক্ষক নিয়ে এ বিভাগের শিক্ষাকার্যক্রম চলছে ডিম্বতালে। বর্তমানে এ বিভাগে ৭টি শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীরা অধ্যয়ন করছে। আরও একটি ব্যাচের ক্লাস শুরু হবে চলতি মাস থেকেই। চার শিক্ষককে ৭টি ব্যাচের ক্লাস নিতে গিয়ে নিয়মিত বেতে হচ্ছে। নিয়মিত ক্লাস ও পরীক্ষা না হওয়ায় সেশনজট তয়াবহ আকার ধারণ করেছে। বিভাগটিতে বর্তমানে তিন বছরের সেশনজট বিরাজ

করছে। শিক্ষক নিয়োগের দাবিতে এ বিভাগের শিক্ষার্থীরা দীর্ঘ দুই বছর ধরে আন্দোলন করে আসলেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন মাথাব্যথা নেই। যখনই ছাত্রছাত্রীরা শিক্ষক নিয়োগের দাবিতে আন্দোলন শুরু করেন তখনই কর্তৃপক্ষ তাদের নিবৃত্ত করে কৌশলের আশ্রয় নিয়ে। বার বার আশ্বাস দিয়েও শিক্ষক নিয়োগ

দেয়া হয়নি। গত ৬ ফেব্রুয়ারি ছাত্রছাত্রীরা বিভাগের চেয়ারম্যান আবুল কালাম আজাদকে শিক্ষক নিয়োগের দাবিতে ১ মার্চ পর্যন্ত অলটিমেটাম দেয়। তিনি এ ব্যাপারে প্রতিশ্রুতিও দেন তাদের। সে অনুযায়ী শনিবার ফের শিক্ষক নিয়োগের ব্যাপারে জানতে গেলে বায়োটেকনোলজি বিভাগের চেয়ারম্যান ছাত্রছাত্রীদের বলেন, এ ব্যাপারে তার করার কিছুই নেই। এতে ক্ষুব্ধ হয়ে শিক্ষার্থীরা বিভাগীয় অফিসের কম্পানিকল গেটে তাল্লা কুলিয়ে অবরুদ্ধ নেয়।